



রাজীবপুর (কুড়িগ্রাম): রৌমারীর চর বামনেরচর শিখন স্কুলে লেখাপড়া করছে শিশু শিক্ষার্থীরা

ইত্তেফাক

রৌমারীতে সুবিধা বঞ্চিত শিশুদের লেখাপড়া করাচ্ছে শিখন কর্মসূচি

■ রাজীবপুর (কুড়িগ্রাম) সংবাদদাতা

রৌমারী উপজেলার ব্রহ্মপুত্র নদ বিচ্ছিন্ন চরজনপদের সুবিধা বঞ্চিত শিশুদের লেখাপড়ার সুযোগ করে দিচ্ছে বেসরকারি সংস্থা আরডিআরএসের 'শিখন কর্মসূচি'। উপজেলার ছয় ইউনিয়নে ১৩৪ গ্রামে ৯৫টি শিখন প্রাথমিক শিক্ষালয়, ৫৭টি প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র এবং ১৯টি শিখন ক্লাবের মাধ্যমে সাত্বে চার শিশু শিক্ষা গ্রহণ করছে। এসব শিশু শিক্ষা প্রতিষ্ঠান থেকে ঝড়ে পড়েছিল।

সংস্থা সূত্রে জানা গেছে, ইউরোপিয়ান ইউনিয়নের অর্থায়নে ও সেভ দ্য চিলড্রেন এর সহায়তায় গত ২০১২ সালের জানুয়ারি মাস থেকে রৌমারীতে শিখন কর্মসূচির যাত্রা শুরু হয়। সমাজের সুবিধা বঞ্চিত শিশুদের গুণগত

শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে এ উদ্যোগ গ্রহণ করা হয়।

সরজমিনে চরমানের চর শিখন স্কুলে গিয়ে কথা হয় শিক্ষক ও শিক্ষার্থীদের সঙ্গে। এ স্কুলে ৩১ জন শিশু লেখাপড়া করছে। শিক্ষক নূরজাহান পারভীন জানান, শিশুদের অনুপস্থিতির হার নেই। প্রতিদিন সব শিশু সময় নতো স্কুলে উপস্থিত থাকে এবং শিক্ষা গ্রহণ করে। শিক্ষার্থী শরীফুল ইসলাম, আফজাল শরীফ, মাহবুবুল হাসান জানায়, তাদের স্যার নিয়মিত স্কুলে আসেন।

শিখন কর্মসূচির মাঠে সমন্বয়কারী আবু তালেব জানান, সমাপনী পরীক্ষায় যাতে ভালো ফলাফল করে এজন্য বিদ্যালয়ে শিশুদের বাড়তি সময় লেখাপড়া করানো হচ্ছে। এমনকি বাড়িতে যাতে তারা নিয়মিত লেখাপড়া করে এ জন্য সার্বক্ষণিক তদারকি করা হচ্ছে।